সমকাল

তারিখ ... 27 MAY 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

প্রাথমিক বিদ্যালয়

# মুক্তিযোদ্ধা কোটায় ৩৪৪০ শিক্ষক নিয়োগে বিজ্ঞপ্তি

■ সমকাল প্রতিবেদক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মুক্তিযোদ্ধা কোটায় সহকারী শিক্ষক নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। এতে প্রাক-প্রাথমিক শ্রেণীর জন্য তিন হাজার ৪৪০ জনকে শূন্য পদে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হবে।

৩০ মে সকাল সাড়ে ১০টা থেকে আগামী ৩০ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান ছাড়া দেশের ৬১ জেলার প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (http://dpe.teletalk.com.bd) এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.dpe.gov.bd) গিয়ে আগ্রহীরা আবেদন করতে পারবেন। এই নিয়োগ পরীক্ষায় অংশ নিতে পুরুষ প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

আর নারী প্রার্থীদের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।